

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

এস.আর. ও. নং-৩৩২-আইন/২০২০/১২৭-মূসক — মূল্য সংযোজন কর ও সম্প্রসরণ শুল্ক আইন,  
২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ১২৭খ এর সহিত পঠিতব্য, এ  
প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০ এর  
নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (২) পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উল্লিখিত সেবা ব্যতীত অন্য  
কোনো সেবার ক্ষেত্রে সেবা সরবরাহকারী ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে  
সেবা সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”;

(খ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নৃতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা :—

“(৬) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উল্লিখিত বিজ্ঞাপনী সংস্থা  
এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান শীর্ষক সেবা  
প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম  
মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।”;

(১৩৪৬৩)

মূল্য : টাকা ৮.০০

## (২) বিধি ৬ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহকারী নিবন্ধিত হইলে—

(ক) পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন;

(খ) উৎসে কর্তিত মূসক সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে বৃদ্ধিকারী সময় করিবেন ও নিট প্রদেয় করের বিপরীতে ট্রেজারি চালানের মাধ্যমে জমাকৃত উৎসে কর্তিত মূসক সময়পূর্বক অবশিষ্ট অর্থ, যদি থাকে, নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা করিবেন;

(গ) উৎসে মূসক কর্তনের ৩ (তিনি) কার্যাদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিনি প্রস্ত্রে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূলকপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।”;

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহকারী মূসক নিবন্ধিত না হইলে সরবরাহকারীকে পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ৩ (তিনি) কার্যাদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিনি প্রস্ত্রে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিবেন।”;

(গ) উপ-বিধি (৭) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৭) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিনি) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিনি প্রস্ত্রে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূল কপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতাকে প্রদান করিবেন যিনি উহা ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
চেয়ারম্যান।